দৈনিক বাংলা
তারিখ ... 16 MAY 1996
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ...

৭৯ ৪০

# এসএসসি ঃ ৪র্থ দিনে আরো ১০৪৬ জন বহিষ্কার

।। স্টাফ রিপোর্টার ।।

চারটি বোর্ডে এসএসসি পরীক্ষার চতুর্থ দিনে গতকাল এক হাজার ৪৬ জন পরীক্ষার্থী নকলের দায়ে বহিষ্কার হয়েছে। নকলের সুযোগ দেয়ার অভিযোগে ১৩ জন পর্যবেক্ষককেও হল থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল ছিল সাধারণ বিজ্ঞান ২য় পত্র ও সমাজ বিজ্ঞান পরীক্ষা।

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, ৩৪টি কেন্দ্র থেকে নকলের দায়ে ২শ ৫৬ জনকে বহিষ্কার করা হয়। নকল সরবরাহের অভিযোগে চৌদ্দগ্রাম উপজেলায় এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়।

মাইজদীকোর্ট থেকে নিজস্ব সংবাদদাতার খবর ঃ স্থানীয় সার্কিট হাউজে ১৯শে মে থেকে কুমিল্লা বোর্ডের সাধারণ বিজ্ঞান প্রথম পত্রের প্রশ্ন ফাঁস হওয়ার তদন্ত শুরু হবে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের নেতৃত্বে গঠিত তদন্ত কমিটি ঐ দিন সকালে এখানে এসে

(শেষ পৃঃ ২—এর কঃ দ্রঃ)

## এসএসসি ঃ ৪র্থ দিনে

(প্রথম পৃঃ পর)

পৌছবেন।

সিলেট থেকে নিজস্ব সংবাদদাতা জানান, পরীক্ষা কেন্দ্রের চতুর্দিকে জারী করা ১৪৪ ধারা ভংগের অভিযোগে গতকাল ২ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।

রাজশাহী বিভাগের ১৬টি জেলার ৭১টি পরীক্ষা কেন্দ্র থেকে গতকাল নকলের দায়ে ৪শ ৯৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। রাজশাহী থেকে নিজস্ব সংবাদদাতা এ খবর দিয়েছেন।

ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ২শ ৬৪ জন পরীক্ষার্থী এবং ৬ জন পর্যবেক্ষককে বহিষ্কার করা হয়।

যশোর বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে নকলের দায়ে বহিষ্কৃতের সংখ্যা ৩২ বলে বোর্ড সূত্রে জানা গেছে।

### নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান, সমাজ বিজ্ঞান ও সাধারণ বিজ্ঞান পরীক্ষায় নকল করার দায়ে জেলার ৪টি কেন্দ্র থেকে গতকাল ১১ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। নকল করার সহায়তা দানের অভিযোগে রূপগঞ্জ কেন্দ্রে ৪ জন শিক্ষকও বহিষ্কৃত হয়েছেন।

### মানিকগঞ্জ

মানিকগঞ্জ রিপোর্টার জানান, জেলার ৭টি কেন্দ্রে নকল করার অভিযোগে ১৫ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। নকল করার সহযোগিতা দানের অভিযোগে ঘিওর ও সিঙ্গাইর কেন্দ্র থেকে দু' জন শিক্ষককে বহিষ্কার করা হয়।

### টাঙ্গাইল

টাঙ্গাইল সংবাদদাতা জানান, জেলার ১১টি উপজেলার ১৮টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের জন্য ৩১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কোথাও কোন গোলযোগের খবর পাওয়া যায়নি।

### বাগেরহাট

আমাদের বাগেরহাট সংবাদদাতা জানান, গতকালের এসএসসি পরীক্ষায় ৫টি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে মোট ১৪ জন ছাত্র বহিষ্কৃত হয়েছে।